৮৭৪

আপলোডের ব্যবস্থা নিন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৩.০০০০.০০০.০১৪.১৮.০০১০.২৫ ১১০৬ তারিখ: / /বঙ্গাব্দ
২৯/০৭/২০২৬ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ বাংলাদেশ বেতারের প্রচারিত বিজ্ঞাপনের মূল্য তালিকা অনুমোদন প্রসঙ্গে।**

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বেতার-২ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১৬ জুলাই ২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০২২.৩৬.০০২.১১.২৩৯ নং পত্রটি মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্রের অনুলিপি প্রেরণ করা হলো।

সংযুক্তি: যথাবর্ণিত

২৯/০৭/২৬

সৈয়দ জাহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে
ফোন: ৪৪৮১৩০৭৩

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩। অতিরিক্ত মহাপরিচালক (বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৪। সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (সংযুক্তি পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। পরিচালক, বাণিজ্যিক সার্ভিস দপ্তর, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।

E:\পৃষ্ঠাঅংকন\Letter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
বেতার-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৫.০০.০০০০.০২২.৩৬.০০২.১১.২৩৯

তারিখ: ০১ শ্রাবণ ১৪৩৩
১৬ জুলাই ২০২৬

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
হিসাব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয়: বাংলাদেশ বেতারে প্রচারিত বিজ্ঞাপনের মূল্য তালিকা অনুমোদন।

আদিষ্ট হয়ে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, এনটিআর শাখা কর্তৃক গত ১৪ আগস্ট ২০২৫ তারিখে ১৮ নম্বর পত্র মোতাবেক বাংলাদেশ বেতারে প্রচারিত বিজ্ঞাপনের মূল্য তালিকা নিম্নবর্ণিত হার ও শর্তে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি :

**১. সাধারণ অনুষ্ঠানে বিজ্ঞাপন প্রচার মূল্য**

**১.১ মধ্যম তরঙ্গ (AM) ট্রান্সমিটারে বিজ্ঞাপনের প্রচার মূল্য**

**১.১.১ মধ্যম তরঙ্গ ১০০০ কিলোওয়াট ট্রান্সমিটারে বিজ্ঞাপনের প্রচার মূল্য**

**১.১.১.১ Spot / Jingle (প্রতিবার প্রচারের জন্য)**

| ব্যাপ্তিকাল (সেকেন্ড) | প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি (প্রতি সেকেন্ডের মূল্য ২০ টাকা) | মন্তব্য |
|---|---|---|
| ৭ | প্রযোজ্য নয় | এক সেকেন্ড ভিত্তিক বিজ্ঞাপন মূল্য প্রস্তাব করা হয়েছে। সর্বনিম্ন স্থিতি হবে ১৫ সেকেন্ড। |
| ১৫ | ৩০০ | |
| ৩০ | ৬০০ | |
| ৪৫ | ৯০০ | |
| ৬০ | ১২০০ | |

**১.১.১.২ Sponsored অনুষ্ঠান (প্রতিবার প্রচারের জন্য)**

| ব্যাপ্তিকাল (মিনিট) | প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি (প্রতি সেকেন্ডের মূল্য ১০ টাকা) | মন্তব্য |
|---|---|---|
| ১০ | ৬,০০০ | এক সেকেন্ড ভিত্তিক বিজ্ঞাপন মূল্য প্রস্তাব করা হয়েছে। সর্বনিম্ন স্থিতি হবে ১০ মিনিট। |
| ১৫ | ৯,০০০ | |
| ২০ | ১২,০০০ | |
| ৩০ | ১৮,০০০ | |

**১.১.১.৩ Title Sponsor/Branding**

**ক) Title Sponsor / Branding.**

| ব্যাপ্তিকাল (মিনিট) | প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি | মন্তব্য |
|---|---|---|
| ১০-১৫ | প্রতিবার Title Sponsor প্রচার মূল্য ৬০০/- | ক) পণ্যের নাম অনুসারে অনুষ্ঠানের নাম হবে অথবা অনুষ্ঠানের নামের সাথে পণ্যের নাম যুক্ত করে Title Sponsor করা হবে (যেটি শ্রুতিমধুর)।<br>খ) সঞ্চালক/উপস্থাপক ১০-১৫ মিনিট, ১৬-২৫ মিনিট, ২৬-৩০ মিনিট এবং ৩১-৬০ মিনিট স্থিতির অনুষ্ঠানের জন্য সর্বোচ্চ যথাক্রমে ৩ বার, ৪ বার, ৫ বার এবং ৮ বার Title Sponsor করবেন অর্থাৎ অনুষ্ঠানের Title উচ্চারণ করবেন। |
| ১৬-২৫ | | |
| ২৬-৩০ | | |
| ৩১-৬০ | | |

**খ) Branding (Title Sponsor + Clip)**

Title Sponsor-এর সাথে ঐ পণ্যের সর্বোচ্চ ৫ সেকেন্ডের একটি Clip প্রতিবার প্রচারের জন্য অতিরিক্ত ১০০ টাকা প্রযোজ্য হবে।

**১.১.২ মধ্যম তরঙ্গ ১০০ কিলোওয়াটে বিজ্ঞাপনের প্রচার মূল্য**

ক্রমিক নং ১.১.১-এ উল্লেখিত প্রস্তাবিত বিজ্ঞাপন মূল্য হতে প্রতিক্ষেত্রে ২০% কম হারে মূল্য নির্ধারিত হবে।

**১.১.৩ মধ্যম তরঙ্গ ১০/২০ কিলোওয়াটে বিজ্ঞাপনের প্রচার মূল্য**

ক্রমিক নং ১.১.১-এ উল্লেখিত প্রস্তাবিত বিজ্ঞাপন মূল্য হতে প্রতিক্ষেত্রে ৫০% কম হারে মূল্য নির্ধারিত হবে।

**১.২ এফ এম ট্রান্সমিটারে বিজ্ঞাপনের প্রচার মূল্য**

১.২.১ এফএম ৫/১০ কিলোওয়াট ট্রান্সমিটারে বিজ্ঞাপনের প্রচার মূল্য

**১.২.১.১ Spot/Jingle (প্রতিবার প্রচারের জন্য)**

| ব্যাপ্তিকাল (সেকেন্ড) | প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি (প্রতি সেকেন্ডের মূল্য ১০ টাকা) | মন্তব্য |
|---|---|---|
| ৭ | প্রযোজ্য নয় | এক সেকেন্ড ভিত্তিক বিজ্ঞাপন মূল্য প্রস্তাব করা হয়েছে। সর্বনিম্ন স্থিতি হবে ১৫ সেকেন্ড। |
| ১৫ | ১৫০ | |
| ৩০ | ৩০০ | |
| ৪৫ | ৪৫০ | |
| ৬০ | ৬০০ | |

**১.২.১.২ Sponsored অনুষ্ঠান (প্রতিবার প্রচারের জন্য)**

| ব্যাপ্তিকাল (মিনিট) | প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি (প্রতি সেকেন্ডের মূল্য ৪ টাকা) | মন্তব্য |
|---|---|---|
| ১০ | ২,৪০০ | এক সেকেন্ড ভিত্তিক বিজ্ঞাপন মূল্য প্রস্তাব করা হয়েছে। সর্বনিম্ন স্থিতি হবে ১০ মিনিট। |
| ১৫ | ৩,৬০০ | |
| ২০ | ৪,৮০০ | |
| ৩০ | ৭,২০০ | |

**১.২.১.৩ Title Sponsor/Branding**

ক) Title Sponsor

| প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি (টাকা) | মন্তব্য |
|---|---|
| প্রতিবার টাইটেল স্পন্সর প্রচার মূল্য ৩০০/- | ক) পণ্যের নাম অনুসারে অনুষ্ঠানের নাম হবে অথবা অনুষ্ঠানের নামের সাথে পণ্যের নাম যুক্ত করে Title Sponsor করা হবে (যেটি শ্রুতিমধুর)। খ) সঞ্চালক/উপস্থাপক ১০-১৫ মিনিট, ১৬-২৫ মিনিট, ২৬-৩০ মিনিট এবং ৩১-৬০ মিনিট স্থিতির অনুষ্ঠানের জন্য সর্বোচ্চ যথাক্রমে ৩ বার, ৪ বার, ৫ বার এবং ৮ বার Title Sponsor করবেন অর্থাৎ অনুষ্ঠানের Title উচ্চারণ করবেন। |

৪৪

### খ) Branding (Title Sponsor + Clip)

Title Sponsor এর সাথে ঐ পণ্যের সর্বোচ্চ ৫ সেকেন্ডের একটি Clip প্রতিবার প্রচারের জন্য অতিরিক্ত ৫০ টাকা প্রযোজ্য হবে।

### ২. খেলার ধারাবিবরণীতে বিজ্ঞাপন প্রচার মূল্য

### ২.১ ক্রিকেট বা ফুটবল বা অন্য যে কোনো খেলার Sponsor (দেশীয় ও আন্তর্জাতিক খেলা)

| ব্যাপ্তিকাল (মিনিট) | প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি | | ট্রান্সমিটারের শক্তি | মন্তব্য |
|---|---|---|---|---|
| | ক্রিকেট | ফুটবল | | |
| ১০ | ৬৮০০০ | ৪৫০০০ | একটি ১০০/১০০০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার | |
| ১০ | ৭৮০০০ | ৫৩০০০ | একটি ১০০/১০০০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার এবং ১টি ১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার | |
| ১০ | প্রতি সেকেন্ড ৭৫ টাকা | | একটি ১০০০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার এবং কমপক্ষে ৫টি ১০/৫ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার। তবে, ক) ১০০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার এবং কমপক্ষে ৫টি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটারে প্রচারের জন্য প্রস্তাবিত মূল্য হতে প্রায় ২০% কম; এবং খ) ১০/২০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার এবং কমপক্ষে ৫টি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটারে প্রচারের জন্য প্রস্তাবিত মূল্য হতে প্রায় ৪২% কম হারে মূল্য নির্ধারিত হবে। | এক দিনের আন্তর্জাতিক ম্যাচ (ODI) ও টি-২০ (T-20) খেলার ক্ষেত্রে ৫০% অতিরিক্ত মূল্য প্রযোজ্য হবে। |
| ১০ | প্রতি সেকেন্ড ৩০ টাকা | | একটি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার | - |
| ১০ | প্রতি সেকেন্ড ৫০ টাকা | | কমপক্ষে ৫টি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার | - |

* বি.দ্র. বর্তমান মূল্য থেকে ৬৫%-৭০% কম হারে প্রস্তাবিত মূল্য নির্ধারণ করা হয়েছে।

### ২.২ একদিনের আন্তর্জাতিক ক্রিকেট (ODI) ও আন্তর্জাতিক টি-২০ (T-20 ) খেলার Branding (প্রতি খেলায়)

ক) প্যাকেজ-১ : উইকেট পতন, বাউন্ডারি, ওভার বাউন্ডারি/ ছক্কা

খ) প্যাকেজ-২ : ওভার কলিং, স্কোর আপডেট ও পাওয়ার প্লে

গ) প্যাকেজ-৩ : ড্রিংক্স ব্রেক, ফ্রেশ ব্যাটার, ফ্রেশ বোলার, ব্যক্তিগত/দলীয়/পার্টনারশিপে সংগ্রহ

| একদিনের আন্তর্জাতিক ক্রিকেট (ODI) | আন্তর্জাতিক টি-২০ | ট্রান্সমিটারের শক্তি |
|---|---|---|
| প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি (প্রতি প্যাকেজ) | প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি (প্রতি প্যাকেজ) | |
| ৬৮,০০০ | ৩৪,০০০ | একটি ১০০/১০০০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার |
| ৭৮,০০০ | ৩৯,০০০ | একটি ১০০/১০০০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার এবং ১টি ১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার |
| ৭০,০০০ | ৩৫,০০০ | একটি ১০০০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার এবং কমপক্ষে ৫টি ১০/৫ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার। তবে ১০০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার এবং কমপক্ষে ৫টি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটারে প্রচারের জন্য প্রস্তাবিত মূল্য হতে প্রায় ২০% কম এবং ২০/১০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার এবং কমপক্ষে ৫টি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটারে প্রচারের জন্য প্রস্তাবিত মূল্য হতে প্রায় ৪২% কম হারে মূল্য নির্ধারিত হবে। |
| ৪০,০০০ | ২০,০০০ | কমপক্ষে ৫টি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার |
| ২৫,০০০ | ১৫,০০০ | একটি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার |

বি.দ্র. বিদ্যমান মূল্য থেকে প্রায় ৫০% কম হারে প্রস্তাবিত মূল্য নির্ধারণ করা হয়েছে।

**২.৩ টেস্ট ক্রিকেট খেলার Sponsor ও Branding**

একদিনের আন্তর্জাতিক ক্রিকেটের জন্য প্রস্তাবিত বিজ্ঞাপন মূল্য হতে প্রতি ক্ষেত্রে ২৫% কম হারে বিজ্ঞাপন মূল্য নির্ধারিত হবে।

**২.৪ ফুটবল খেলার Branding (প্রতি খেলায়)**

ক) প্যাকেজ-১ : গোল, গোল পোস্টে কিক, পেনাল্টি কিক, পেনাল্টি শুট ও সেন্টারিং;

খ) প্যাকেজ-২ : কর্ণার কিক, অফসাইট কিক, ফাউল কিক, থ্রো ও স্কোর আপডেট ও

গ) প্যাকেজ-৩ : ড্রিংক্স ব্রেক, লাল/হলুদ কার্ড, খেলোয়াড় বদল, ব্যক্তিগত গোল সংগ্রহ ও সেরা খেলোয়াড়।

| দেশীয় ও আন্তর্জাতিক ফুটবল<br>প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি (টাকা) (প্রতি প্যাকেজ) | ট্রান্সমিটারের শক্তি |
|---|---|
| ৩৫,০০০ | একটি ১০০০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার এবং কমপক্ষে ৫টি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার। তবে ১০০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার এবং কমপক্ষে ৫টি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটারে প্রচারের জন্য প্রস্তাবিত মূল্য হতে প্রায় ১৫% কম এবং ১০/২০ কিলোওয়াট এএম ট্রান্সমিটার এবং কমপক্ষে ৫টি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটারে প্রচারের জন্য প্রস্তাবিত মূল্য হতে প্রায় ৩০% কম হারে মূল্য নির্ধারিত হবে। |
| ২০,০০০ | কমপক্ষে ৫টি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার |
| ১৫,০০০ | একটি ৫/১০ কিলোওয়াট এফএম ট্রান্সমিটার |

**৩. সংবাদের Spot / Jingle প্রচার**

| সংবাদের পূর্বে<br>প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি (টাকা) (প্রতি সেকেন্ড) | সংবাদের মধ্য বিরতিতে<br>প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি (টাকা) (প্রতি সেকেন্ড) | সংবাদের শেষে<br>প্রস্তাবিত মূল্য হারে অর্থ বিভাগের সম্মতি (টাকা) (প্রতি সেকেন্ড) | মন্তব্য |
|---|---|---|---|
| ১০০ | ১২৫ | ৭৫ | ১০ মিনিট স্থিতির সংবাদের মধ্য বিরতিতে সর্বোচ্চ ২ মিনিট এবং ২০ মিনিট স্থিতির সংবাদের মধ্যবিরতিতে সর্বোচ্চ ৩ মিনিট বিজ্ঞাপন প্রচার করা যাবে। |

**শর্তাবলী**

ক) ১০ মিনিট, ১৫ মিনিট ২০ মিনিট, ২৫ মিনিট, ৩০ মিনিট এবং ৬০ মিনিটের Sponsored অনুষ্ঠানে বিজ্ঞাপনের স্থিতিকাল যথাক্রমে ৯০ সেকেন্ড, ১২০ সেকেন্ড, ১৮০ সেকেন্ড, ২৪০ সেকেন্ড, ৩০০ সেকেন্ড এবং ৪৮০ সেকেন্ড প্রযোজ্য হবে;

খ) খেলাধুলার ধারাবিবরণী অনুষ্ঠানে বিজ্ঞাপনের স্থিতিকাল খেলাধুলার প্রকৃতির (ক্রিকেট/ফুটবল/কাবাডি/হকি ইত্যাদি) উপর ভিত্তি করে নির্ধারিত হবে;

গ) কোনো প্রতিষ্ঠান/সংস্থা/কোম্পানি সরাসরি বিজ্ঞাপন প্রদান করলে সে কোম্পানিকে ব্যবসার উপর ১৫% রেয়াত প্রদান করা হবে এবং রেয়াতের উপর সরকার নির্ধারিত হারে AIT ( Advance Income Tax) কর্তন করা হবে;

ঘ) আন্তর্জাতিক ক্রিকেট খেলার ধারাবিবরণীর মাঝে বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে (১) বাংলাদেশের সাথে অন্য যে কোনো দেশের খেলা, সেমি- ফাইনাল ও ফাইনাল ম্যাচে এ মূল্য হার প্রযোজ্য হবে, (২) অন্যান্য দেশের খেলায় আরো অতিরিক্ত ২০% কম হারে বিজ্ঞাপনের মূল্য নির্ধারিত হবে; (৩) আন্তর্জাতিক প্রস্তুতি ম্যাচ/১ম শ্রেণীর ম্যাচ / বয়স ভিত্তিক ম্যাচ খেলার ক্ষেত্রে প্রস্তাবিত এক দিনের অন্তর্জাতিক/আন্তর্জাতিক টি-টুয়েন্টি ম্যাচের চেয়ে ৪০% কম হারে বিজ্ঞাপন মূল্য নির্ধারিত হবে; (৪) দেশী বিদেশী ক্লাব/ঘরোয়া ফুটবল, ক্রিকেটসহ অন্যান্য যে কোনো টুর্নামেন্ট ও লিগ খেলাসমূহের জন্য নির্ধারিত মূল্যের (প্রেতি সেকেন্ড ৭৫ টাকা হারে) চেয়ে ৪০% কম হারে বিজ্ঞাপন মূল্য নির্ধারিত হবে;

ঙ) বিজ্ঞাপনদাতা/সংস্থা বিজ্ঞাপনের মূল্য বিজ্ঞাপন প্রচারের পূর্বেই 'বাণিজ্যিক সম্প্রচার সেবা ফি' খাতে নির্ধারিত কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের কপি "পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার" বরাবর প্রেরণ করবেন। প্রতি ক্ষেত্রে বিজ্ঞাপনের মূল্যের সাথে সরকার নির্ধারিত হারে 'মূল্য সংযোজন কর' খাতে নির্ধারিত কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের কপি "পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার" বরাবর প্রেরণ করবেন। সরাসরি বিজ্ঞাপন প্রদান করার ফলে কোনো প্রতিষ্ঠান বিজ্ঞাপন সংস্থা/ব্যক্তিকে প্রদানকৃত রেয়াতের উপর সরকার নির্ধারিত হারে AIT ( Advance Income Tax) খাতে নির্ধারিত কোডে চালানের মাধ্যমে জমা প্রদান করে চালানের কপি 'পরিচালক, বাণিজ্যিক কার্যক্রম, বাংলাদেশ বেতার" বরাবর প্রেরণ করবেন;

চ) বিজ্ঞাপনদাতা/সংস্থা বিজ্ঞাপন প্রচারের পূর্বেই বিজ্ঞাপনের বিষয়বস্তু সম্পর্কে বাংলাদেশ বেতারের অনুমোদন গ্রহণ করবে। বিষয়বস্তু নির্বাচনের ক্ষেত্রে জাতীয় সম্প্রচার নীতিমালা-২০১৪-সহ সরকার নির্ধারিত নীতিমালা/বিধিবিধান অনুসরণ করা হবে;

ছ) অলাভজনক ও জনহিতকর প্রতিষ্ঠানের জনসচেতনতামূলক বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে প্রস্তাবিত হারের উপর ১০% রেয়াত প্রযোজ্য হবে;

জ) বিজ্ঞাপনের মাধ্যমে সরকারের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে বাংলাদেশ বেতারের বাণিজ্যিক কার্যক্রম ইউনিট অন্য সকল কেন্দ্র/ইউনিটের আয় বৃদ্ধির সুযোগ সৃষ্টিতে অগ্রণী ভূমিকা পালন করবে এবং সমন্বয়কের দায়িত্ব পালন করবে;

ঝ) মহাপরিচালক, বাংলাদেশ বেতার এর পক্ষে বাংলাদেশ বেতারের ইউনিট/কেন্দ্রের পরিচালক/আঞ্চলিক পরিচালকগণ বিজ্ঞাপনদাতা/সংস্থার সাথে সরাসরি চুক্তি সম্পাদন করবেন এবং

ঞ) প্রস্তাবিত মূল্য তালিকা অনুমোদিত হলে পূর্বের সকল মূল্য তালিকা বাতিল বলে গণ্য হবে।

(ট) আদেশ জারির তারিখ হতে এ হার কার্যকর হবে।

মোঃ ইব্রাহিম ভূঞা
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৪৪৮১
Email : betar2@moi.gov.bd

০১ শ্রাবণ ১৪৩৩
নং-১৫.০০.০০০০.০২২.৩৬.০০২.১১.২৩৯ তারিখ: ১৬ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপসচিব, সওব্য ৯ শাখা)।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। অফিস কপি/ মাস্টার কপি।

১৬.৭.২৬
মোঃ ইব্রাহিম ভূঞা
উপসচিব